

# কুবি প্রশাসনে পদত্যাগের হিড়িক

কুবি সংবাদদাতা

১১ আগস্ট, ২০২৪  
২০:৫১

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

দেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশত্যাগের পর পদত্যাগের হিড়িক পরেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে। এ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ প্রশাসক উপাচার্য অধ্যাপক ড. এএফএম আবদুল মনসুহ পদত্যাগ করেছেন প্রষ্টেরিয়াল বড়ির সকল সদস্য, পরিবহন প্রশাসক, একাধিক হল প্রাধ্যক্ষ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ পদে থাকা ব্যক্তিরা।

পদত্যাগকারী সকলেই কারণ হিসেবে ব্যক্তিগত সমস্যার কথা উল্লেখ করেছেন।

রবিবার (১১আগস্ট) পদত্যাগ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মন্দির, পরিবহন প্রশাসক ড. স্বপন চন্দ্র মজুমদার, বঙ্গবন্ধু হলের প্রাধ্যক্ষ বাংলা বিভাগের অধ্যাপক ড. শামসুজ্জামান মিলকী, শেখ হাসিনা হলের প্রাধ্যক্ষ মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মেহের নিগার।

এর আগে গতকাল শনিবার (১০ আগস্ট) রেজিস্ট্রার বরাবর প্রষ্টরিয়াল বডি থেকে প্রষ্টর (ভারপ্রাপ্ত) ড. কাজী ওমর সিদ্দিকী, সহকারী প্রষ্টর-মো. জাহিদ হাসান, অমিত দত্ত, আবু ওবায়দা রাহিদ, সহকারী প্রষ্টর শারমিন সুলতানা সন্ধ্যায় পদত্যাগপত্র জমা দেন।

একই দিনে পদত্যাগ করেন নওয়াব ফয়জুন্নেছা চৌধুরানী হলের হাউজ টিউটর আইসিটি বিভাগের প্রভাষক কাশমী সুলতানা ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের হাউজ টিউটর একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সজীব রহমান।

এ ছাড়া রবিবার (১১ই আগস্ট) কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মুজিবুর রহমান মজুমদার, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. আবু তাহের ও সাধারণ সম্পাদক মেহেদী হাসান ও অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি জাকির হোসেনকে ২৪ ঘণ্টার মধ্যে পদত্যাগের আলটিমেটাম দিয়েছে।

এছাড়াও আজ কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) সাধারণ শিক্ষার্থীরা এক বিবৃতির মাধ্যমে আগামী ১২ আগস্ট থেকে শুরু হওয়া অনলাইন ক্লাস বর্জন করে ১৮ আগস্ট থেকে সশরীরে ক্লাস করার কথা জানিয়েছে।

অন্যথায় শিক্ষার্থীরা কঠোর কর্মসূচি দিবে বলে হঁশিয়ারি দেন।